উপজেলা আইসিটি কমিটির অক্টোবর/২০২৩ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জুয়েল আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।
সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ
সভার তারিখ : ৩০/১০/২০২৩ খ্রীঃ
সময় : ১০.০০ ঘটিকায়

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে উপজেলা আইসিটি কমিটি এর কার্য পরিধি সম্পর্কে বিস্তারিত আলোচনার পর নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **তথ্য বাতায়ন হালানাগাদ করণঃ** উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে তাদের স্ব স্ব তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, "জেলা প্রশাসক সম্মেলন ২০২৩" ১২ নং ক্রমিকে সরকারী দপ্তরসমূহের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। পত্র যোগাযোগের সময় স্ব স্ব দপ্তরের নিজ ওয়েবপোর্টালের ঠিকানা ব্যবহার। জনগণের দোরগোড়ায় তথ্য ও সেবা পৌঁছানোর লক্ষ্যে প্রত্যেক দপ্তরের নোটিশ, খবর, সিটিজেন চার্টার, এপিএ, এনআইএস, কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য নিয়মিত ওয়েব সাইটে হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া তথ্য বাতায়নের রিপোর্ট অনুযায়ী শতভাগ হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। | ১.১। নিজ নিজ তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে। পত্র যোগাযোগের সময় স্ব স্ব দপ্তরের দপ্তর প্রধানকে নিজস্ব ওয়েব পোর্টালের ঠিকানা ব্যবহার করতে হবে এবং প্রত্যেক দপ্তরের খবর, বিভিন্ন নোটিশ, সভার কার্যবিবরণী ও সকল কর্মকর্তা ও কর্মচারীদের তথ্যসহ প্রয়োজনীয় সকল তথ্য ওয়েব পোর্টালে নিয়মিত সংযোজন, হালনাগাদ করণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.২। উপজেলার সকল দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ করা ও মন্ত্রীপরিষদ বিভাগের নিদের্শনা অনুযায়ী নতুন ফরমেটে সিটিজেন চার্টার তৈরি করে ওয়েবপোর্টালে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.৩। আগামী জানুয়ারির মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েব সাইট তৈরি সম্পন্ন করতে হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল সমূহের লিংক উপজেলা পোর্টালে সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.৪। সংশ্লিষ্ট সকল ওয়েব পোর্টালের চলমান অবস্থা ও হালনাগাদ করণ কার্যক্রমের রিপোর্ট মাসিক উপজেলা আইসিটি কমিটির সভায় দাখিল করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলার সকল দপ্তর প্রধান, ত্রিশাল,ময়মনসিংহ<br><br>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ত্রিশাল, ময়মনসিংহ।<br><br>সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ |
| ০২ | **সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প ও শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)০ঃ** ত্রিশাল উপজেলায় মোট ৩৩টি প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব , ০১ টি প্রতিষ্ঠানে শেখ রাসেল স্কুল অব ফিউচার ও ০১টি প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম স্থাপন করা হয়। ল্যাব সমূহ নিয়মিত পরিদর্শন, ব্যবহার ও ইনহাউজ প্রশিক্ষণ চালু করার বিষয়ে আলোচনা করা হয়। ল্যাব সমূহ নিয়মিত শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের ব্যবহার নিশ্চিত করা, সকল কম্পিউটার ল্যাবের সর্বোচ্চ ও যথাযথ ব্যবহার, | ২.১। সকল শ্রেনির শিক্ষার্থী ও শিক্ষক কর্তৃক নিয়মিত ল্যাব ব্যবহার করণ, আইসিটির পাঠ্যক্রম সমূহ আবশ্যিকভাবে কম্পিউটার ল্যাবে তাত্ত্বিকের পাশাপাশি ইন্টারনেট সংযোগে ব্যবহারিকভাবে পাঠদান, প্রয়োজনীয় রেজিস্টারাদি নিয়মিত ব্যবহার ও হালনাগাদ রাখা, কম্পিউটার ও ল্যাপটপ সমূহ শুধুমাত্র ল্যাবের অভ্যন্তরে ব্যবহারকরণ ও সর্বদা সচল রাখা এবং সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করার | উপজেলা নির্বাহী অফিসার,<br><br>সহকারী প্রোগ্রামার,<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,<br><br>প্রধান শিক্ষক (সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাব) |

| | | | |
|---|---|---|---|
| | রক্ষণাবেক্ষণ এবং টেকসই করণ অত্যন্ত জরুরী বিষয়ে আলোচনা হয়। | বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.২। সরকারী অফিস/ অন্যান্য অফিস নির্দিষ্ট ফি এর বিনিময়ে ট্রেনিং প্রোগ্রাম পরিচালনা ও স্থানীয় সাইবার সেন্টার হিসেবে ব্যবহার করার বিষয়ে পদক্ষেপ গ্রহণে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.৩। আইসিটি কমিটির সদস্যগণ তথা উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন ও এর কার্যক্রম পর্যবেক্ষণ পূর্বক কমিটির সভায় রিপোর্ট করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.৪। ল্যাব পরিচালনা নীতিমালা ২০১২ অনুযায়ী সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাবে পৃথক ব্যাংক একাউন্ট খোলার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৩ | **উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের ই-ফাইলিং সিস্টেম (ই-নথি) এর ব্যবহারঃ** উপজেলা পর্যায়ে লাইভ সার্ভারে ডি-নথি কার্যক্রম চলমান অফিসের সংখ্যা ১১ (এগার)টি। সরকারের সর্বক্ষেত্রে দাপ্তরিক নথি কার্যক্রম প্রচলিত নথি ব্যবস্থাপনার পরিবর্তে অনলাইন নথি ব্যবস্থাপনায় (ই-নথি সিস্টেম) স্থানান্তর ও ব্যবহার নিশ্চিতকরণ সরকারের ধারাবাহিক পেপারলেস অফিস ধারণা বাস্তাবায়নের একটি গুরুত্বপূর্ণ অংশ হওয়ায় অনলাইন নথি ব্যবস্থাপনার ধারণা, প্রয়োগ ও বাস্তবায়ন বিষয়ে "সচিবালয় নির্দেশমালা ২০১৪" তে বিস্তারিত নির্দেশনা রয়েছে। তাই উপজেলাস্থ সকল সরকারি দপ্তরে অনলাইন নথি ব্যবস্থাপনা (ই-নথি সিস্টেম) এর ব্যবহার ও অগ্রাধিকার প্রদান বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ইতোমধ্যে ই-নথি সিস্টেমের লাইভ সার্ভারে চলমান অফিসসমূহকে সকল দাপ্তরিক কাজ ই-নথি সিস্টেমে শুরু করা ও অগ্রাধিকার প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ই-নথি সিস্টেমের লাইভ সার্ভারে সৃষ্ট দপ্তর সমূহের অনলাইন নথি ব্যবস্থাপনা (ই-নথি সিস্টেম) কার্যক্রমের রিপোর্ট মাসিক উপজেলা আইসিটি কমিটির সভায় দাখিল করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল),ত্রিশাল, ময়মনসিংহ<br><br>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ত্রিশাল, ময়মনসিংহ |
| ০৪ | **ইউনিয়ন ওয়েব পোর্টাল এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রমঃ** ইউনিয়ন পর্যায়ের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, "জেলা প্রশাসক সম্মেলন ২০২৩" ও স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুযায়ি সকল ইউনিয়নের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। পত্র যোগাযোগের সময় নিজ ওয়েবপোর্টালের ঠিকানা ব্যবহার করা। জনগণের দোরগোড়ায় তথ্য ও সেবা পৌঁছানোর লক্ষ্যে সকল ইউনিয়নের নোটিশ, খবর, সিটিজেন চার্টার, এপিএ, এনআইএস, কর্মকর্তা, কর্মচারী ও সকল প্রকল্পের তালিকা নিয়মিত ওয়েব সাইটে হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া তথ্য বাতায়নের রিপোর্ট অনুযায়ী শতভাগ হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়।<br><br>সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম চলমান রাখা, ইউডিসিতে আরোও সেবার মান বাড়ানোসহ আয় বৃদ্ধি করা এবং একসেবায় নিয়মিত আয় আপলোডের বিষয়ে আলোচনা হয়। | ৪.১। "জেলা প্রশাসক সম্মেলন ২০২৩" ও স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুযায়ি সকল ইউনিয়নের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। এলজিএসপি সহ সকল প্রকল্পের তালিকা নিয়মিত ওয়েব সাইটে হালনাগাদ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪.২। ইউডিসিতে আরোও সেবার মান বাড়িয়ে প্রান্তিক জনগনকে সেবা দিতে হবে। একসেবা সিস্টেমে নিয়মিত আয় আডলোড দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ<br><br>ইউপি সচিব (সকল), ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ<br><br>উদ্যোক্তা (সকল), ইউডিসি, ত্রিশাল, ময়মনসিংহ |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **অন্যান্যঃ** সরকারী ইমেইল , ফেইসবুক নীতিমালা ও সকল অনলাইন কার্যক্রমে শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করা। সাইট এডমিন ইউজারদের অসর্তকতার দরুণ পাসওয়াড ও আইডি লিকেজ সংক্রান্ত ঘটনার উদ্ভব হতে পারে এবং সহজেই হ্যাকিং এর মতো দুর্ঘটনা ঘটতে যেন না পারে এ বিষয়ে আলোচনা করা হয়। | ৫.১। সরকারি নির্দেশনা মোতাবেক রাষ্ট্রীয় নিরাপত্তার লক্ষ্যে ব্যক্তিগত ই-মেইল ব্যবহার পরিহার করে সরকারি ই-মেইল ব্যবহার নিশ্চিত করতে হবে। অধিকতর সিকিউরিটি নিশ্চিতকরণ ও হ্যাকিং এর মতো দূর্ঘটনা এড়াতে শক্তিশালী পাসওয়াড ব্যবহার করে সকল অনলাইন কার্যক্রম পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৫.২। সকল সরকারি দপ্তর/প্রতিষ্ঠান সমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারী, সকল শিক্ষা প্রতিষ্ঠানে ফেইসবুক নীতিমালা ব্যবহার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলার দপ্তর প্রধান(সকল)<br><br>শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/১১/২০২৩
( জুয়েল আহমেদ )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
ত্রিশাল ,ময়মনসিংহ।

স্মারক নং- ৫৬.০৪.৬১৯৪.০০০.০৬.০০৩.২৩- ৫৫

তারিখ: ২০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০২৩খ্রি:

অনুলিপিঃ সদয় কার্যার্থে এবং জ্ঞাতার্থে প্রেরণ করা হলো( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫২ ময়মনসিংহ-০৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক ( শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ।
৫. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহ।
৬. উপজেলা ........................................................................ আইসিটি কমিটির সদস্য, ত্রিশাল ময়মনসিংহ।
৭. অফিস কপি।

০৫/১১/২০২৩
(মাহমুদা আখতার)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
ত্রিশাল ময়মনসিংহ।
ও
সদস্য সচিব, উপজেলা আইসিটি কমিটি